

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা - ১২৩০
bpi.gov.bd

বিষয় : বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর ইনোভেশন টিমের নভেম্বর, ২০১৮ মাসের সভার কার্যবিবরণী।


বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নভেম্বর, ২০১৮ মাসের ইনোভেশন টিমের সভা গত ১২-১১-২০১৮ তারিখ বেলা ১০.৩০ ঘটিকার সময় বিপিআই এর ইনোভেশন অফিসার পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব সানজিদা সোবহান এর সভাপতিত্বে অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় ইনোভেশন টিমের নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন:-

- ১। বেগম আমিনা নাসরীন, বৈজ্ঞানিক কর্মকর্তা (এস.ও), বিপিআই, ঢাকা।
- ২। বেগম দিলারা পারভীন, সহকারী পরিচালক, প্রশাসন শাখা, বিপিআই, ঢাকা।
- ৩। বেগম দিলারা চৌধুরী, সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বিপিআই, ঢাকা।

সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে ইনোভেশন অফিসার সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	সভার প্রারম্ভে পূর্বের সভার কার্যবিবরণীতে কোন রূপ সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান যে সংশোধনের প্রয়োজন নাই।	কোন সংশোধনী না থাকায় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী দৃঢ় করণ করা হয়।	সহকারী পরিচালক, প্রশাসন শাখা
২।	বিপিআই এর ২০১৮-১৯ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী ওয়েবসাইটে আপলোড-এর লক্ষ্যে ২০১৮-১৯ অর্থ বছরের কোর্সের কনটেন্ট তৈরীর করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। বিপিআই-এর কর্মকর্তা-কর্মচারীদের অর্জিত ছুটির বিবরণীর সফটওয়্যার তৈরীর লক্ষ্যে চাহিদা পত্র তৈরী করা হচ্ছে মর্মে সভায় বলা হয়।	বিপিআই এর ২০১৮-২০১৯ অর্থ বছরের কোর্সের প্রাপ্ত কনটেন্টগুলি বিপিআই এর ওয়েব সাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়। বিপিআই-এর কর্মকর্তা ও কর্মচারীদের অর্জিত ছুটির বিবরণীর সফটওয়্যার তৈরীর উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা(এসএসও) ২। বৈজ্ঞানিক কর্মকর্তা(এসও) ৩। সহকারী পরিচালক, প্রশাসন শাখা ৪। সহকারী পরিচালক, ভান্ডার শাখা
৩।	বিপিআই-এর অফিস ভবনের প্রধান গেট অপেক্ষাকৃত ছোট বিধায় অফিস ভবনের দৃশ্যমান স্থানে প্রতিষ্ঠানের নাম সম্বলিত ফলক/সাইন বোর্ড স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	বিপিআই-এর অফিস ভবনের প্রধান গেট অপেক্ষাকৃত ছোট বিধায় অফিস ভবনের দৃশ্যমান স্থানে প্রতিষ্ঠানের নাম সম্বলিত ফলক/সাইন বোর্ড স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক, ভান্ডার শাখা
৪।	জরুরী প্রয়োজনে ফায়ার সার্ভিসের টেলিফোন নম্বর সমূহ বোর্ডে তৈরী করে দৃশ্যমান স্থানে স্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।	জরুরী প্রয়োজনে ফায়ার সার্ভিসের টেলিফোন নম্বর সমূহ বোর্ডে তৈরী করে দৃশ্যমান স্থানে স্থাপনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক, ভান্ডার শাখা

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৬.১১.১৮
(সানজিদা সোবহান)
পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)
ও
ইনোভেশন অফিসার, বিপিআই, ঢাকা।
Email:dir@bpi.gov.bd

নং-২৮.০৪.০০০০.০০৩.০৬.০০৬.১৩- ১১১

তারিখ : ২৬ নভেম্বর, ২০১৮
২৫ কার্তিক, ১৪২৫

বিতরণ :সদয় জ্ঞাতার্থে :

- ১। সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব, প্রশাসন - ৩অধিশাখা
- ২। অতিরিক্ত সচিব (সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, এটুআই
আইসিটি টাওয়ার
ই-১৪, বিসিসি ভবন
আগারগাঁও, ঢাকা।

৪। মহাপরিচালক, বিপিআই, ঢাকা।

কার্যার্থে :

- ১। জনাব মো: সাহিদুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা(এসএসও)
- ২। বেগম আমিনা নাসরীন, বৈজ্ঞানিক কর্মকর্তা (এস.ও), বিপিআই, ঢাকা।
- ৩। বেগম দিলারা পারভীন, সহকারী পরিচালক, প্রশাসন শাখা, বিপিআই, ঢাকা।
- ৪। বেগম দিলারা চৌধুরী, সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বিপিআই, ঢাকা।